

বাংলাদেশ গেজেট



জাতীয়তাবাদ সংক্রান্ত কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৩, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পূর্তি মন্ত্রণালয়

(মনিটরিং সেল)

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ই অশ্বিন, ১৩৯৮/১লা অক্টোবর, ১৯৯১

এস, আর, ও নং ২৮৭/আইন/মঃসেল/২আর-৭/৭২—Bangladesh Abandoned Property (Control, Management and Disposal) Order, 1972 (President's Order No. 16 of 1972), অতঃপর উক্ত Order বন্নিয়া উল্লেখিত এর Article-২২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্বারা কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ও সভাপতি, পরিচালিত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড, ঢাকা এর কার্যালয়ে কর্মরত বি, সি, এস, প্রশাসন কাডারের সহকারী কমিশনার জনাব নেপূর আহমেদ ও জনাব গকুল চাঁদ দসৈকে এই মর্মে নির্দেশ করিল যে, তাহারা পরিচালিত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড, ঢাকা এর নিয়ন্ত্রণাধীন এলাকায় উক্ত Order এর অধীনে সরকারের পক্ষে পরিচালিত বাড়ীঘরের উচ্ছেদ ও অন্যান্য কার্য সম্পন্ন করার জন্য কর্তৃত্বপ্রাপ্ত অফিসার (অথরাইজড অফিসার) হিসাবে কাজ করিবেন। তাহারা উপরি-উল্লেখিত স্থানে সহকারী কমিশনার পদে থাকাকালীন সময় পরিচালিত সম্পত্তির ব্যাপারে উক্ত Order অনুযায়ী সরকারের পক্ষে যাবতীয় শর্তসমূহ গ্রহণ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, টি, এম, শিরাসউদ্দিন

মুদ্রা-সচিব (মঃসেল)।

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আশরাফ রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৮৬৮৫)

মূল্য : টাকা ১.০০